

স্মারক নং ৩৬.০৮.০০০০.০০১.১৭.৩০৬.২০.৩৪৮

তারিখঃ ২২-০৪-২০২৫ খ্রিঃ

**ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্যের লোগো ও ট্যাগলাইন (স্লোগান) আস্থান**

বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্যসমূহ আমাদের ঐতিহ্য ও সংস্কৃতি, আমাদের অহংকার – আসুন, দেশের জিআই পণ্যকে বিশ্বমঞ্চে তুলে ধরি।

বাংলাদেশের ঐতিহ্য, কৃষি ও সংস্কৃতির প্রতিচ্ছবি বহনকারী ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্যের জন্য উপযুক্ত লোগো ও ট্যাগলাইন (স্লোগান) আস্থান করা হচ্ছে। প্রস্তাবিত লোগো ও ট্যাগলাইনে বাংলাদেশের জাতীয় পতাকা, প্রতিকৃতি, কৃষি, এবং দেশীয় পণ্য ও সংস্কৃতি-এর পরিচিতি ফুটিয়ে তুলতে হবে।

❖ প্রস্তাবনা জমাদানের শর্তাবলীঃ


- লোগো ও ট্যাগলাইন (স্লোগান) হতে হবে সম্পূর্ণ নতুন, সৃজনশীল, মৌলিক, সংক্ষিপ্ত ও অর্থবহ।
- লোগোতে বাংলাদেশের ঐতিহ্য, কৃষি, শিল্প, এবং সংস্কৃতির প্রতিফলন থাকতে হবে।
- ট্যাগলাইন বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হতে হবে।
- লোগো ও ট্যাগলাইন প্রস্তুতে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার করা যাবে না।
- একজন ব্যক্তি/ প্রতিষ্ঠান সর্বোচ্চ ৩টি করে (বাংলা ও ইংরেজি) লোগো ও ট্যাগলাইন জমা দিতে পারবেন।
- দাখিলকৃত প্রস্তাব চূড়ান্তভাবে বাছাইকৃত না হলে গোপনীয় দলিল হিসেবে বিবেচিত হবে।
- দাখিলকৃত প্রস্তাব ইমেইলে বা সরাসরিভাবে প্রিন্টযোগ্য ফর্মেটসহ জমা দিতে হবে।
- অত্র অধিদপ্তরের কোনো কর্মকর্তা/ কর্মচারী প্রস্তাব জমা প্রদানের জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- শর্তাবলী ভংগ করলে স্বীকৃতি প্রদানের জন্য বিবেচিত হবে না এবং স্বীকৃতি প্রদানের পরও কর্তৃপক্ষ তা প্রত্যাহার বা বাতিলের অধিকার সংরক্ষণ করবেন।

❖ প্রস্তাব জমাদানের শেষ তারিখঃ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২ (দুই) মাস পর্যন্ত।

- ❖ প্রস্তাবনা পাঠানোর ঠিকানাঃ মহাপরিচালক  
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়  
৯১ মতিঝিল, ঢাকা।  
ইমেইলঃ [dg@dpdt.gov.bd](mailto:dg@dpdt.gov.bd)

❖ বাছাই ও পুরস্কারঃ

প্রস্তাবিত লোগো ও ট্যাগলাইন (স্লোগান) সমূহের মধ্য হতে সেরা লোগো ও ট্যাগলাইন উপযুক্ত কমিটির মাধ্যমে বাছাই করা হবে। নির্বাচিত লোগো ও ট্যাগলাইন বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক পণ্য সংক্রান্ত প্রচারে ও এ সংক্রান্ত যাবতীয় বিষয়ে ব্যবহৃত হবে। বিজয়ীকে বিশেষ স্বীকৃতি ও সম্মাননা প্রদান করা হবে।

  
মাকসুরা নূর এনজিসি  
মহাপরিচালক  
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর